গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.০১৭.১৮/১৭৯ তারিখ: ০১ ডিসেম্বর ২০২২ খ্রি.।

**বিষয়: Japan-WCO Human Rsesource Development Programme (Scholarship Programme) এর আওতায় National Graduate Institute for Policy Studies (GRIPS), Japan এ Public Finance বিষয়ে ১৩ মাস মেয়াদী মাস্টার্স ডিগ্রী'র জন্য দরখাস্ত আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং-22HL0557E, তারিখ: ২৮ নভেম্বর ২০২২/ ব্রাসেলস ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, Japan-WCO Human Rsesource Development Programme (Scholarship Programme) এর আওতায় National Graduate Institute for Policy Studies (GRIPS), Japan এ Public Finance বিষয়ে ১৩ মাস মেয়াদী মাস্টার্স ডিগ্রী প্রোগ্রামে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানানো হয়েছে। প্রোগ্রামটি জাপানের টোকিওতে অবস্থিত National Graduate Institute for Policy Studies (GRIPS)-এ অনুষ্ঠিত হবে।

০২। পত্রসংযুক্ত Administrative Provisions এ প্রোগ্রাম সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি, প্রার্থী মনোনয়ন/নির্বাচনের ক্ষেত্রে যোগ্যতা/শর্ত, আবেদন পদ্ধতি ইত্যাদি উল্লেখ করা হয়েছে। আবেদনকারী কর্মকর্তার যোগ্যতার বিষয়ে সুনির্দিষ্ট শর্তাদি উল্লেখ করা হয়েছে যা নিম্নরূপ:

(ক) বয়স ০১ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখে বয়স ৩৫ বছর বা তার কম হওয়া;
(খ) TOFEL/IELTS Score যথাক্রমে ৭৯ ও ৬.০ (ন্যূনতম) থাকা; এবং
(গ) কমপক্ষে ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকা ইত্যাদি।

০৩। উল্লেখ্য, উল্লিখিত প্রোগ্রামে অংশগ্রহণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত নয়। আগ্রহী কর্মকর্তাগণকে GRIPS কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত হতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, বিবেচ্য প্রোগ্রামে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে **(সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ৩১ জানুয়ারি ২০২৩ খ্রি.** তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসমূহ **যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে** জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com; বরাবর: চেয়ারম্যান, জারাবো ও দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) আবেদনপত্রের MSWord (Nikosh Font-12) Copy ও PDF Copy
খ) পত্রসংযুক্ত দলিলাদিতে বর্ণিত Qualifications সংক্রান্ত প্রমাণক-PDF Copy
গ) সংযুক্ত নির্দেশনা অনুযায়ী পূরণকৃত Online Entry Form

০৫। উল্লেখ্য, বিরাজমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সূত্রোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডর সাথে যোগাযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে **শুধুমাত্র ই-মেইল মাধ্যম** ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৭ (সাত) পাতা (ই-মেইলে প্রেরিত)।

০১.১২.২০২২

**( মোঃ শহিদুজ্জামান সরকার )**
দ্বিতীয় সচিব (কাস্টমস)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: shahid.zaman31@nbr.gov.bd

**বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১৫. সদস্য (গ্রেড-১), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৬. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৭. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
১৮. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
১৯. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
২০. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
২১. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
২২. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৩. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
২৪. কমিশনার, সেন্ট্রাল রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
২৫. ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, পায়রা বন্দর ভবন, কাকরাইল, ঢাকা।
২৬. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২৮. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
২৯. দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।